

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৩৩

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/১৯. মুক্তাদী ইমামের অনুসরণ করবে

ائتمام المأموم بالإمام

আরবী

حَدِيْثُ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ أَنَّهَا قَالَتْ صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي بَيْتِهِ وَهُوَ شَاكٍ فَصَلَّى جَالِسًا وَصَلَّى وَرَاءَهُ قَوْمٌ قِيَامًا فَأَشَارَ إِلَيْهِمْ أَنْ اجْلِسُوا فَلَمَّا انْصَرَفَ قَالَ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا صَلَّى جَالِسًا فَصَلُّوا جُلُوسًا

বাংলা

২৩৩. উম্মুল মু'মিনীন 'আয়িশাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, একদা অসুস্থ থাকার কারণে আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম নিজ গৃহে সালাত আদায় করেন এবং বসে সালাত আদায় করছিলেন, একদল সাহাবী তাঁর পিছনে দাঁড়িয়ে সালাত আদায় করতে লাগলেন। তিনি তাদের প্রতি ইন্ধিত করলেন যে, বসে যাও। সালাত শেষ করার পর তিনি বললেন, ইমাম নির্ধারণ করা হয় তাঁর ইক্তিদা করার জন্য। কাজেই সে যখন রুকূ' করে তখন তোমরাও রুকূ' করবে, এবং সে যখন রুকূ' হতে মাথা উঠায় তখন তোমরাও মাথা উঠাবে, আর সে যখন বসে সালাত আদায় করে, তখন তোমরা সকলেই বসে সালাত আদায় করবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০: আযান, অধ্যায় ৫১, হাঃ ৬৮৮; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ১৯ হাঃ ৪১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন